



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ২৭/০৩/২০১৯ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে মহান স্বাধীনতা দিবস-২০১৯ উদযাপিত

২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৯ উদযাপন উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ছিল নানা আয়োজন। দিবসটির শুরুতে গতকাল সকাল ৯:০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ফ্লাগ স্টাণ্ডে জাতীয় সঙ্গীতের মাধ্যমে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন মাননীয় উপাচার্য শিক্ষাবিদ প্রফেসর ড. এস এম ইমামুল হক এবং ড্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। পতাকা উত্তোলন শেষে বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি (সেনা ও নৌ শাখা) ক্যাডেট কর্তৃক প্রদত্ত গার্ড অব অনার গ্রহণ করেন উপাচার্য মহোদয়। এরপর বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে অস্থায়ী ভাবে স্থাপিত বঙ্গবন্ধু স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে জাতির শ্রেষ্ঠ সন্তানদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য শিক্ষাবিদ প্রফেসর ড. এস এম ইমামুল হক। এক সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় আজকের এই দিনে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন স্বাধীন বাংলাদেশের স্থপতি বাঙালী জাতির জনক হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে। তিনি আরও স্মরণ করেন জাতির সেসব সূর্য সন্তানদের যাদের আত্মত্যাগের বিনিময়ে স্বাধীনতা অর্জিত হয়েছে। উপাচার্য মহোদয় মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে একটি দারিদ্রমুক্ত, দুর্নীতিমুক্ত এবং মাদকমুক্ত বাংলাদেশ গড়তে সকলকে যার যার অবস্থান থেকে কাজ করার আহবান জানান। এসময় সম্মানিত ড্রেজারার, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, চেয়ারম্যানবৃন্দ, প্রভোস্টবৃন্দ, দপ্তর প্রধানগণ, বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বঙ্গবন্ধু স্মৃতিস্তম্ভে উপাচার্য মহোদয়ের পুষ্পস্তবক অর্পণের পরপরই বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, সেক্টর কমান্ডারস ফোরাম মুক্তিযুদ্ধ ৭১ বিবি শাখা, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, ২৪টি বিভাগ, ছাত্রলীগ বরিশাল বিশ্ববিদ্যালয়, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বৈচ্ছাসেবী সংগঠন পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। পুষ্পস্তবক অর্পণ শেষে উপাচার্য মহোদয় বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ কর্তৃক প্রকাশিত দেয়ালিকার মোড়ক উন্মোচন করেন। এরপর নবনির্মিত উপাচার্যের কার্যালয় উদ্বোধন করেন উপাচার্য মহোদয়। পরে তিনি বরিশাল বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি (বিইউডিএস) আয়োজিত আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস